# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 07 May, 2025

ময়মনসিংহের ভালুকা পৌর এলাকা থেকে ১১৪ বোতল বিদেশি মদ ও একটি প্রাইভেটকারসহ মো. রাজু আহমেদ (৩২) নামে এক মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। মঙ্গলবার (৬ মে) রাত সাড়ে ৯টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে র‍্যাব-১৪ তাকে গ্রেপ্তার করে।বুধবার (৭ মে) বিকেলে ময়মনসিংহ র‍্যাব-১৪ সদর দপ্তরের পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়।গ্রেপ্তার রাজু ঢাকার ডেমরা থানার পূর্ব হাজীনগর টেংরা এলাকার বাসিন্দা।

র‍্যাব জানায়, দীর্ঘদিন ধরেই রাজু মাদক ব্যবসার সঙ্গে জড়িত।ঘটনার দিন ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক হয়ে প্রাইভেটকারে লুকিয়ে বিদেশি মদ বিক্রির জন্য ভালুকা পৌর এলাকায় প্রবেশ করলে তাকে আটক করা হয়।অভিযানে গাড়িটি তল্লাশি করে ১১৪ বোতল বিদেশি মদ ও প্রাইভেটকারটি জব্দ করা হয়।

র‍্যাব-১৪ এর অতিরিক্ত পুলিশ সুপার মো. সামসুজ্জামান বলেন, "গ্রেপ্তার রাজুর বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে।জব্দকৃত বিদেশি মদের বাজারমূল্য প্রায় ৮ লাখ টাকা।তার সঙ্গে জড়িত অন্যান্যদেরও শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা চলছে।"

মাদক পুলিশ সুপার র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র‍্যাব-১৪

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:09

URL: https://www.timestodaybd.com/mymensingh/2117775807